

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
আইসিটি সেল  
www.fid.gov.bd



স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২০১.৯৯.০০১.২০.০৭০

তারিখ: ১৭ চৈত্র ১৪২৬

৩১ মার্চ ২০২০

বিষয়: সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহের ওয়েবসাইটে করোনাভাইরাস সংক্রান্ত তথ্য প্রদর্শন এবং হেল্পলাইন বা ভোক্তাসেবা লাইন-এ করোনাভাইরাস সংক্রান্ত তথ্য সূচনাব্যবস্থা হিসেবে সম্প্রচার।

সূত্র: স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১১.১৫.০০২.২০.১; এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

সূত্রের পত্রে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনসাধারণের মাঝে করোনাভাইরাস-সংক্রান্ত তথ্য ও সেবা প্রদান করার লক্ষ্যে সরকারি তথ্যসেবা নম্বর ৩৩৩ এবং স্বাস্থ্যসেবা-সম্পর্কিত হেল্পলাইন ১৬২৬৩ কাজ করে যাচ্ছে।

বিভিন্ন প্রয়োজনে সরকারি ও বেসরকারি ব্যাংকসমূহের ওয়েবসাইট অথবা হেল্পলাইন/ভোক্তাসেবা লাইনে ফোনে যে সকল সম্মানিত সেবা প্রার্থী / গ্রাহকগণ যোগাযোগ করেন তাঁদের নিকট করোনাভাইরাস-সংক্রান্ত সঠিক তথ্য ও সেবা প্রদান করার লক্ষ্যে সকল সরকারি ও বেসরকারি ব্যাংকের ওয়েব সাইটে করোনাভাইরাস-এর সচেতনতা-সম্পর্কিত তথ্য প্রদর্শন এবং নিম্নলিখিত বার্তাটি হেল্প লাইন / ভোক্তা সেবা লাইন-এর আইডিআর বার্তার শুরুতে সংযোজন করা যেতে পারে:

**“করোনাভাইরাস-সংক্রান্ত যেকোনো তথ্য বা স্বাস্থ্যসেবা পেতে কল করুন ৩৩৩ অথবা ১৬২৬৩ নম্বরে এবং ভিজিট করুন corona.gov.bd”**

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৩১-৩-২০২০

মোহাম্মদ এনামুল হক

উপসচিব

ফোন: ৯৫৮৮৪৩১

ফ্যাক্স: ৯৫১৩৫০০

ইমেইল: ict@fid.gov.bd

বিতরণ :

- ১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।
- ২) সকল বেসরকারি ব্যাংক

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২০১.৯৯.০০১.২০.০৭০/১(৩)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৬

৩১ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রকল্প ব্যবস্থাপনা ও আইসিটি অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ২) যুগ্মসচিব, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ



৩১-৩-২০২০

মোহাম্মদ এনামুল হক  
উপসচিব